

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৯৮৮

১/ বিবিধ

আরবী

ألزم نعليك قدميك، فإن خلعتهما فاجعلهما بين رجليك، ولا تجعلهما عن يمينك، ولا
عن يمين صاحبك، ولا وراءك فتؤذي من خلفك
ضعيف جدا

رواه ابن ماجه (1 / 437 - 438) عن عبد الله بن سعيد بن أبي سعيد عن أبيه عن
أبي هريرة مرفوعا. وهذا سند ضعيف جدا، لأن عبد الله هذا متروك كما في
التقريب " لابن حجر، و" الضعفاء " للذهبي ولفظه: " تركوه " وسلفه في ذلك البخاري
وقال البوصيري في " الزوائد " (ق 89 / 1) : " هذا إسناده ضعيف، عبد الله بن سعيد
متفق على تضعيفه " .

قلت: ومما يؤكد ضعفه أنه قد خالفه في متن هذا الحديث ثقتان فروياه عن أبيه سعيد
بن أبي سعيد بلفظ: " إذا صلى أحدكم فخلع نعليه فلا يؤذ بهما أحدا، ليجعلهما بين
رجليه، أو ليصل فيهما " . وإسناده صحيح، وقد خرجته في " صحيح أبي داود " (رقم
662)

বাংলা

৯৮৮। তুমি তোমার দু' পায়ে জুতা দু'টি পরিধান করে থাক। যদি তুমি সে দু'টি খুল, তাহলে জুতা দু'টিকে
তোমার দু' পায়ের মঝে রাখ। তুমি সে দু'টিকে তোমার ও তোমার সাথীর ডানে রাখবে না। তোমার পিছনেও
রাখবে না। কারণ তুমি তা দ্বারা তোমার পিছনের ব্যক্তিকে কষ্ট দিবে।

হাদীছটি নিতান্তই দুর্বল।

এটি ইবনু মাজাহ (১/৪৩৭-৪৩৮) আব্দুল্লাহ ইবনু সাঈদ ইবনে আবী সাঈদ হতে তিনি তার পিতা হতে তিনি আবু হুরাইরাহ (রাঃ) হতে মারফু' হিসাবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি খুবই দুর্বল। কারণ এই আব্দুল্লাহ মাতরুক যেমনটি "আত-তাকরীব" গ্রন্থে ও যাহাবীর "আয-যোয়াফা" গ্রন্থে এসেছে। তার ভাষা হচ্ছেঃ তারা তাকে পরিত্যাগ করেছেন। বুসয়র "আয-যাওয়ায়েদ" (কাফ ১/৮৯) গ্রন্থে বলেনঃ এ সনদটি দুর্বল। আব্দুল্লাহ ইবনু সাঈদের দুর্বল হওয়ার বিষয়ে সকলে একমত।

এটির দুর্বল হওয়াকে আরো শক্তিশালী করছে দুই নির্ভরযোগ্য বর্ণনাকারীর তার পিতা সাঈদ ইবনু আবী সাঈদ হতে তার (আব্দুল্লাহর) বিরোধিতা করে নিম্নের বাক্যের বর্ণনাঃ

যখন তোমাদের কেউ সালাত আদায় করার সময় তার জুতা দুটি খুলে নিবে, তখন সে যেন তা দ্বারা কোন ব্যক্তিকে কষ্ট না দেয়। সে যেন তার দু' পায়ের মাঝে সে দুটিকে রেখে দেয় কিংবা জুতা পরিধান করা অবস্থাতেই সালাত আদায় করে।

এর সনদটি সহীহ। আমি "সহীহ আবী দাউদ" (নং ৬৬২) গ্রন্থে এটির তাখরীজ করেছি।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71867>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন